

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৪

আগরতলা, ২০ মে, ২০২৪

পঞ্চায়েত নির্বাচন-২০২৪

ভোটগ্রহণ কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ

আসন্ন পঞ্চায়েত নির্বাচন-২০২৪ উপলক্ষে ভোটগ্রহণ কেন্দ্রের খসড়া তালিকা আজ প্রকাশিত হয়েছে। সংশ্লিষ্ট জেলা নির্বাচন আধিকারিকগণ (জেলাশাসক ও সমাহর্তা) ৩৫টি ব্লকের ২,৬৫০টি ভোটগ্রহণ কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছেন। এই খসড়া তালিকার উপর দাবি, আপত্তি ও পরামর্শ দেওয়ার শেষ তারিখ আগামী ২৮মে, ২০২৪। দাবি ও আপত্তিগুলি নিষ্পত্তি করা হবে আগামী ৩০মে, ২০২৪। ভোটগ্রহণ কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে ৩ জুন, ২০২৪।

খসড়া ভোটগ্রহণ কেন্দ্রের তালিকা অনুযায়ী উত্তর ত্রিপুরা জেলার কদমতলা ব্লকে ৯৭টি, কালাছড়া ব্লকে ৮৪টি, যুবরাজনগর ব্লকে ৯৮টি এবং পানিসাগর ব্লকে ৬৮টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। উনকোটি জেলার গৌরনগর ব্লকে ৭৫টি, চন্ডীপুর ব্লকে ৫৯টি এবং কুমারঘাট ব্লকে ১০০টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। ধলাই জেলার আমবাসা ব্লকে ২৪টি, সালেমা ব্লকে ৩৯টি এবং দুর্গাচৌমুহনী ব্লকে ১০৫টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। খোয়াই জেলার খোয়াই ব্লকে ৯০টি, কল্যাণপুর ব্লকে ৮০টি এবং তেলিয়ামুড়া ব্লকে ৭২টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। পশ্চিম জেলার মোহনপুর ব্লকে ৮০টি, বামুটিয়া ব্লকে ৮৭টি, জিরানীয়া ব্লকে ৭১টি, পুরাতন আগরতলা ব্লকে ৯৩টি এবং ডুকলি ব্লকে ১২০টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। সিপাহীজলা জেলার বিশালগড় ব্লকে ১৭৬টি, চড়িলাম ব্লকে ৭২টি, বক্সনগর ব্লকে ৮২টি, নলছড় ব্লকে ৯৫টি, কাঁঠালিয়া ব্লকে ৮৪টি ও মোহনভোগ ব্লকে ২৮টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। গোমতী জেলার মাতাবাড়ি ব্লকে ৯৭টি, তেপানিয়া ব্লকে ৮৩টি, কাকড়াবন ব্লকে ৭০টি, অমরপুর ব্লকে ২৯টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। দক্ষিণ জেলার বকাফা ব্লকে ৩০টি, জোলাইবাড়ি ব্লকে ৬৮টি, বিসিনগর ব্লকে ৫৬টি, রাজনগর ব্লকে ৮২টি, ঋষ্যমুখ ব্লকে ৬৭টি, পোয়াংবাড়ি ব্লকে ২২টি ও সাতচাঁদ ব্লকে ৬৭টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
